শ্রীহরির ধ্যানশূন্য হইয়া একটি মুহূর্ত্তকালও গত হইলে—দস্যুগণ কর্ত্তৃক মহাধন হৃত হইলে যেমন আর্ত্তস্বরে কান্দে, তেমনই ক্রন্দন করা উচিত ॥ ২৭৭ ॥

অথ পূর্ব্ববৎ ক্রমসোপানরীত্যা সুখলভ্যাম্ গুণপরিকরসেবালীলাস্মরণঞ্চানুসন্ধেয়ং। তদিদং স্মরণং পঞ্চবিধং। যৎকিঞ্চিদনুসন্ধানং স্মরণং। সর্ব্বতশ্চিত্তমাকৃষ্য সামান্যাকারেণ মনোধারণং ধারণা। বিশেষতো রূপাদিচিন্তনম্ ধ্যানম্। অমৃতধারাবদবিচ্ছিন্নং তৎ ধ্রুবানুস্মৃতিঃ। ধ্যেয়মাত্রস্ফুরণং সমাধিরিতি। তত্র স্মরণং—যেন কেনাপ্যুপায়েন স্মৃতো নারায়ণাব্যয়ঃ। অপি পাতকযুক্তস্য প্রসন্নঃ স্যান্নসংশয়ঃ॥ ইতি বৃহন্নারদীয়াদৌ। ধারণা—বিষয়ান্-ধ্যায়তশ্চিত্তং বিষয়েষু বিষজ্জতে। মামনুস্মরতশ্চিত্তং ময্যেবপ্রবিলীয়তে॥ ধ্যানং—ভগবচ্চরণদ্বন্দ্বধ্যানং নির্দ্দন্দ্বমীরিতং। পাপিনোঽপি প্রসঙ্গেন বিহিতং সুহিতং পরং॥ নারসিংহাদৌ। তত্র নির্দ্দন্দ্বং শীতোষ্ণাদিময়দুঃখপরম্পরাতীতং। ঈরিতং শাস্ত্রবিহিতং। তচ্চ পাপিনোঽপি প্রসঙ্গেনাপি পরমুৎকৃষ্টং সুহিতং বিহিতং তত্রৈবেত্যর্থঃ। ধ্রুবানুস্মৃতিশ্চ—মদ্গুণশ্রুতিমাত্রেণেত্যাদৌ ত্রিভুবনবিভবহেতবেঽপ্যকুণ্ঠস্মৃতিরিত্যাদৌ চ। এষৈব শ্রীরামানুজভগবৎপাদৈঃ প্রথমসূত্রে দর্শিতাস্তি। সমাধিমাহ—তয়োরাগমনং সাক্ষাদীশয়োর্জগতাত্মনোঃ। ন বেদরুদ্ধধীবৃত্তিরাত্মানং বিশ্বমেবচেতি॥ ২৭৮॥

তয়োঃ রুদ্রতৎপত্ন্যোঃ। ভগবদংশতচ্ছক্তিত্বাৎ জগদাত্মনোঃ তৎপ্রবর্ত্তকয়োরপি। তত্র হেতুঃ রুদ্ধধীবৃত্তির্ভগবদাবিষ্টচিত্তঃ। ভক্তিং পরাম্ ভগবতিলব্ধবানিতি পূর্ব্বোক্তেঃ। তস্মাদসম্প্রজ্ঞাত নাম্নো ব্রহ্মসমাধিতো ভিন্ন এবাসৌ॥ ১২।১০॥ শ্রীসূতঃ॥ ২৭৮॥

অনন্তর পূর্ব্বের মত ক্রমের সোপানরীতিতে অর্থাৎ নামস্মরণের পর রূপস্মরণ, ইহার পর গুণস্মরণ—এই ক্রম পরিপাটিতে সুখলভ্য শ্রীহরির গুণ, পরিকর সেবা ও লীলা স্মরণ করা কর্ত্তব্য। সেই পূর্ব্ববর্ণিত স্মরণ পাঁচপ্রকার। যথা কথঞ্চিৎভাবে শ্রীহরির নাম-রূপাদি অনুসন্ধানের নাম স্মরণ (১)। সর্ব্ববিষয় হইতে চিত্ত আকর্ষণ করিয়া সাধারণরূপে শ্রীহরির নামাদিতে চিত্ত ধারণ করার নাম ধারণা (২)। বিশেষরূপে নাম-রূপাদি চিন্তার নাম ধ্যান (৩)। অমৃতধারার মত অবিচ্ছিন্নভাবে স্মরণের নাম ধ্রুবানুস্মৃতি (৪)। ধ্যাতৃধ্যানস্ফূর্ত্তিশূন্য হইয়া কেবলমাত্র ধ্যেয় আকারে চিত্তবৃত্তির নাম সমাধি (৫)।

তন্মধ্যে স্মরণ যথা—যে কোনও উপায়ে নারায়ণের স্মরণ করিলে নিখিল পাপযুক্ত হৃদয়ও প্রসন্নতা লাভ করে—এ বিষয়ে কোনও সন্দেহ নাই। বৃহন্নারদীয়ে এইপ্রকার উল্লেখ আছে। ধারণা যথা—১১।১৪।২৭ শ্লোকে শ্রীউদ্ধবকে বলিয়াছেন—"বিবিধ বিষয় ধ্যানকারী মানবের চিত্ত বিষয়ে আসক্ত হয়। যে জন একমাত্র আমাকেই ধ্যান করে, তাহার চিত্ত আমাতেই ডুবিয়া থাকে। যেমন, যে জলের মধ্যে ডুবিয়া থাকে, সে যেমন তাহার উপরে নীচে